

২৭০০৭

শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং- বামাশিবো/প্রশা/ পটুয়াখালী-২৪৫/ ২৬৮৪

তারিখঃ ১৬/০৮/২০১৭খ্রিঃ

বিষয়ঃ কারণ দর্শানো নোটিশ প্রসঙ্গে।

- সূত্রঃ ১) নং- ০৫.০০.০৮৫৪.০০০.০০.০৮.১৬-৫৬৮; তারিখঃ ২৮.০৯.২০১৬খ্রিঃ
 ২) নং- বামাশিবো/প্রশা/ পটুয়াখালী-২৪৫/২০৯৯; তারিখঃ ২৬ অক্টোবর ২০১৬খ্রিঃ
 ৩) স্মারক নং- ০৫.১০.৭৮০০.০২০.১০.০০২.১৭-১৬১; তারিখঃ ১৬ জুলাই ২০১৭

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, পটুয়াখালী জেলার বাউফল উপজেলাধীন বড় ডালিমা দাখিল মাদরাসার ম্যানেজিং কমিটির সভাপতি মোঃ নুরুল আমিনের বিরুদ্ধে অনিয়ম, বে-আইনি কার্যকলাপ, অর্থ আত্মসাৎ, অসদাচরণ, ক্ষমতার অপব্যবহারসহ বিভিন্ন দুর্নীতির বিষয়ে মাদরাসার সহ-সুপার মাওঃ মোঃ আবদুল হাকিম একথানা অভিযোগপত্র বোর্ডে দাখিল করেন।

অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণ করার জন্য অত্র দপ্তর হতে উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালীকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালী তদন্ত পূর্বক সূত্রে উল্লিখিত ১নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদনে দেখা যায়, মাদরাসাটি বর্তমানে আইন ও নিয়ম বহির্ভূত এবং বিশৃঙ্খলভাবে পরিচালিত হচ্ছে মর্মে মন্তব্য করা হয়েছে।

অপরদিকে সভাপতি মোঃ নুরুল আমিন উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালী এর তদন্ত প্রতিবেদনের বিষয়ে আপত্তি জানিয়ে পুনঃ তদন্তের জন্য আবেদন করেছেন। অভিযোগের বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক মতামতসহ একটি প্রতিবেদন প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য সূত্রোক্ত ২নং স্মারকে জেলা প্রশাসক, পটুয়াখালীকে পত্র দেয়া হয়। পত্রের প্রেক্ষিতে অতিরিক্ত জেলা প্রশাসক, পটুয়াখালী সূত্রে বর্ণিত ৩নং স্মারকে একটি প্রতিবেদন বোর্ডে প্রেরণ করেছেন। প্রতিবেদন পর্যালোচনায় দেখা যায়, ম্যানেজিং কমিটির সভাপতি কর্তৃক অনিয়ম ও দুর্নীতির মাধ্যমে সুপার ও সহ-সুপারকে বেআইনীভাবে বরখাস্ত করার বিষয়টি তদন্তে প্রমানিত হয়েছে।

বর্ণিত অবস্থায় এ বিষয়ে সুস্পষ্ট লিখিত ব্যাখ্যা ও সমর্থনীয় কাগজপত্র আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর দাখিল করার জন্য সাবেক কমিটির সভাপতি এবং বর্তমান ভারপ্রাপ্ত সুপারকে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১৩.০৮.১৭

প্রফেসর মোঃ মজিবুর রহমান

রেজিস্ট্রার

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬১২৮৫৮

প্রাপকঃ ১) সভাপতি- ম্যানেজিং কমিটি, বড় ডালিমা দাখিল মাদরাসা, বাউফল, পটুয়াখালী।

২) ভারপ্রাপ্ত সুপার, বড় ডালিমা দাখিল মাদরাসা, বাউফল, পটুয়াখালী।

নং- বামাশিবো/প্রশা/ পটুয়াখালী-২৪৫/

তারিখঃ /০৮/২০১৭খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপিঃ-

১. উপজেলা নির্বাহী অফিসার, বাউফল, পটুয়াখালী।
২. জেলা শিক্ষা অফিসার, পটুয়াখালী।
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বাউফল, পটুয়াখালী।
৪. সুপার, বড় ডালিমা দাখিল মাদরাসা, বাউফল, পটুয়াখালী।
৫. মাওঃ মোঃ আবদুল হাকিম, সহ-সুপার, বড় ডালিমা দাখিল মাদরাসা, বাউফল, পটুয়াখালী।
৬. পি এ টু চেয়ারম্যান/রেজিস্ট্রার, বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৭. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান

উপ-রেজিস্ট্রার (প্রশাসন)

বাংলাদেশ মাদরাসা শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯৬৭৪৮৭৪